# Visit of National Security Advisor to Washington DC (January 30-February 01, 2023)

February 01, 2023

# জাতীয় সুরক্ষা উপদেষ্টার ওয়াশিংটন ডি সি সফর (জানুয়ারি 30- ফেব্রুয়ারি01, 2023)

ফেব্রুয়ারি01, 2023

জাতীয় সুরক্ষা উপদেষ্টা অজিত ডোভাল 30শে জানুয়ারি থেকে 1লা ফেব্রুয়ারি ওয়াশিংটন ডিসিতে একটি সরকারি সফরে রয়েছেন। বরিষ্ঠ সরকারি আধিকারিকরা ও সেইসাথে ভারতীয় শিল্পমহলের নেতৃস্থানীয়রা তার সফর সঙ্গী হিসেবে রয়েছেন।

সফরকালে জাতীয় সুরক্ষা উপদেষ্টা সরকার, কংগ্রেস, ব্যবসা, শিক্ষা এবং গবেষণা ক্ষেত্রের নীতিনির্ধারক ও অংশীদারদের সাথে পারস্পরিক স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও বৈশ্বিক সমস্যাবলী নিয়ে আলাপ আলোচনা করেছেন। মার্কিন সুরক্ষা উপদেষ্টা জ্যাক সুলিভানের সাথে তার বৈঠক ছাড়াও তিনি জয়েন্ট চীফস অব স্টাফ -এর চেয়ারম্যান মার্ক মিলে , নির্বাহী প্রতিরক্ষা সচিব ক্যাথলিন হিকস, প্রধান প্রধান সেনেটরস এবং নেতৃস্থানীয় ব্যবসায়ীদের সাথেও সাক্ষাৎ করেছেন। এই সফরের শেষ দিকে সেক্রেটারি অব স্টেট অ্যান্টনি ব্লিঙ্কেনের সাথেও তার সাক্ষাৎ করার কথা রয়েছে।

2022. 31 শে জানুয়ারি 2023 তারিখে হোয়াইট হাউসে জাতীয় সুরক্ষা উপদেষ্টা ডোভাল জাতীয় সুরক্ষা উপদেষ্টা সুলিভানের সাথে যুগ্মভাবে 2022 সালের মে মাসে টোকিওতে প্রধান মন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং প্রেসিডেন্ট বাইডেনের বৈঠকের ঘোষণাকে কার্যে রূপান্তর করা ক্রিটিয়াল অ্যান্ড ইমার্জিং টেকনোলজি (আইসিটিএ)-র উদ্বোধনী বৈঠকের সভাপতিত্ব করেন। জাতীয় সুরক্ষা উপদেষ্টা মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতীয় রাষ্ট্রদূত দ্বারা আয়োজিত মধ্যাহ্নভোজে যোগদান করেন। ভারতের তরফ থেকে সেখানে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল সায়েন্টিফিক অ্যাডভাইজার, যোগাযোগ দপ্তরের সচিব, ইসরোর চেয়ারম্যান, রক্ষা মন্ত্রীর বৈজ্ঞানিক উপদেষ্টা, ডি আরডিও-র মহা নির্দেশক এবং জাতীয় সুরক্ষা পরিষদ সচিবালয়ের ও তথ্য ও যোগাযোগ মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকরা। মার্কিন যুক্তরাষ্ট্রের তরফে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন  নাসা র প্রশাসক মন্ডলী, নির্দেশক জাতীয় বিজ্ঞান ফাউন্ডেশন (এনএসএফ) , উপ জাতীয় সুরক্ষা উপদেষ্টা।

আইসিইটি–র লক্ষ্য হল দুটি দেশকে প্রযুক্তি নির্মাণ ভ্যালু চেনের মাধ্যমে বিশ্বস্ত প্রযুক্তি শরিক হিসেবে স্থাপন করা এবং আইটেমগুলির যৌথবিকাশ ও যৌথ উৎপাদনে সাহায্য করা। একটি স্থায়ী প্রক্রিয়ার মাধ্যমে নিয়ন্ত্রক বিধিনিষেধ, রপ্তানি নিয়ন্ত্রণ এবং গতিশীলতার বাধাগুলিকে মোকাবিলা করার প্রতিও এর লক্ষ্য রয়েছে। মার্কিন পক্ষও আইনী পরিবর্তনের প্রচেষ্টা সহ কয়েকটি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে ভারতে রপ্তানি বাধা কমানোর আশ্বাস দিয়েছে। এক্সপো, হ্যাকাথন এবং পিচিং অধিবেশনের মাধ্যমে স্টার্ট আপ ইকোসিস্টেমের মধ্যে সংযোগ জোরদার করা এবং দুই দেশের মধ্যে প্রধান সেক্টরে উদ্ভাবনী যোগসূত্র নির্মাণে জোর দেওয়া হয়েছে।

কোয়ান্টাম প্রযুক্তির গুরুত্ব অনুধাবন করে উভয়পক্ষ শিল্প ও শিক্ষা জগতের অংশগ্রহণ সহ একটি কোয়ান্টাম সমন্বয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করেছে। সেমিকন্ডাক্টরের ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্র ভারতে একটি ফেব্রিকেশন ইকোসিস্টেমের বিকাশকে সমর্থন করেছে এবং পরিণত প্রযুক্তি নোড ও উন্নত প্যাকেজিং –এর জন্য যৌথ উদ্যোগকে উৎসাহিত করেছে। সেমিকন্ডাক্টর ইকোসিস্টেমের স্বল্প মেয়াদী সুযোগগুলিকে চিহ্নিত করতে এবং দীর্ঘ মেয়াদী বিকাশকে সুবিধা প্রদানের জন্য একটি " রেডিনেস অ্যাসেসমেন্ট" বিকাশের জন্য ভারতের সেমি কন্ডাক্টর মিশন, ইন্ডিয়া ইলেকট্রনিকস সেমিকন্ডাক্টর অ্যাসোসিয়েশন (আই ইএসএ) এবং ইউএস সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন (এস আইএ) –র সাথে জড়িত একটি টাস্ক ফোর্স গঠনে সম্মত হয়েছে।

প্রতিরক্ষা উৎপাদন ক্ষেত্রে দুই পক্ষ পারস্পরিক স্বার্থের মুখ্য আইটেমগুলির যৌথ উৎপাদনে নজর কেন্দ্রীভূত করতে সম্মত হয়েছে। স্বদেশীয় পদ্ধতিতে লাইট কমব্যাট এয়ারক্রাফট নির্মাণের জন্য ভারতে জেট ইঞ্জিন উৎপাদনের জন্য মেসার্স জেনারেল ইলেক্ট্রিক দ্বারা জমা দেওয়া লাইসেন্স আবেদন পত্র দ্রুত খতিয়ে দেখার জন্য মার্কিন যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতি দিয়েছে। দুই দেশের মধ্যে প্রতিরক্ষা স্টার্ট আপসকে যুক্ত করার জন্য একটি নব উদ্ভাবন সংযোগ সেতু তৈরী হবে।

মহাকাশ ক্ষেত্রে, ভারতের মহাকাশ ক্ষেত্রে খুলে দেবার জন্য প্রদত্ত সুযোগ এবং মার্কিন যুক্তরাষ্ট্রে ভারতের মহাকাশ প্রযুক্তি কোম্পানিগুলির অবদান প্রশংসিত হয়েছে। মানুষের মহাকাশ যাত্রার সুযোগ, নাসা–র বাণিজ্যিক লুনার পে লোড সার্ভিস (সিএলপিএস) এবং স্টেম প্রতিভা বিনিময় ক্ষেত্রে ইসরো ও নাসার সাথে একসাথে কাজ করবে বলে সম্মত হওয়া গেছে।

আগামী প্রজন্মের যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে, ভারতের স্বল্প ব্যয় এবং মানকে বিবেচনা করে উভয়পক্ষ 5জি/6জি ও ওরান (ওআরএএন) ব্যবহারকারী বিশ্বস্ত উৎস ঘিরে একটি প্রাইভেট-পাবলিক আলোচনা করতে সম্মত হয়েছে।

আইসিইটি চালু করার সময় ভারতের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর এবং মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় বিজ্ঞান ফাউন্ডেশনের মধ্যে একটি নতুন বাস্তবায়ন ব্যবস্থা রাষ্ট্রদূত এবং এনএসএফ নির্দেশক দ্বারা স্বক্ষরিত হয়েছে। এটি সিইট তে যৌথ গবেষণাকে প্রসারিত করবে।

30শে জানুয়ারি 2023 তারিখে মার্কিন চেম্বার অব কমার্সে ইউএস এবং ভারতের মধ্যে একটি আইসিইটি রাউন্ডটেবিল বৈঠক হয়েছে। এটি সরকার, শিল্প এবং শিক্ষাপ্রতিষ্ঠান ক্ষেত্রে উচ্চ প্রযুক্তি অংশীদারিত্বকে জোরদার করার জন্য চিন্তাভাবনার আদানপ্রদান করার একটি সুযোগ প্রদান করেছে।

রাষ্ট্রদূত তরনজিৎ সাঁধুও ইন্ডিয়া হাউসে জাতীয় সুরক্ষা উপদেষ্টার জন্য একটি অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করেছিলেন, যেখানে উপস্থিত ছিলেন বাণিজ্য সচিব গিনা রাইমন্ডো, এনএসএ জ্যাক সুলিভান, নির্বাহী সেক্রেটারি অব স্টেট ওয়েন্ডি শেরম্যান, মার্কিন প্রশাসনের বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিক এবং উন্নত প্রযুক্তি কোম্পানির ও ফান্ডের সিইওরা , সামনের সারির মার্কিন বিশ্ববিদ্যালয়ের প্রধানগণ।

এই সফরের সময় আলোচনাগুলি অত্যাধুনিক ক্ষেত্রগুলিতে ভারত-মার্কিন সহযোগিতা জোরদার করার ভিত্তি তৈরী করে এবং ভারত -মার্কিন ব্যাপক , বৈশ্বিক কৌশলগত অংশীদারিত্বের পরিণতিকে প্রতিফলন করে। উভয় দেশ সুনির্দষ্ট সময়সীমার মধ্যে ফলপ্রসু বিতরণ যোগ্য সফলতা অর্জনের প্রতি স্থিতিশীল মনোযোগ বজায় রাখতে সম্মত হয়েছে।

ওয়াশিংটন ডিসি

জানুয়ারি 31, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.